দৈনিক বাংলা

তারিখ ... 13 NOV 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

10



শাম্মী নাজ আমিন

## ভাল ফলের জন্য ব্যাপক প্রস্তুতি নিয়েছি : শাম্মী

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা, ১২ই নবেম্বর।–শাম্মী নাজ আমিন পলি কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান বিভাগে তৃতীয় স্থান অধিকার করেছেন। পলি একই বিভাগে মেয়েদের মধ্যেও প্রথম হয়েছেন। উচ্চাঙ্গ সঙ্গীত শিল্পী পলি এসএসসি পরীক্ষাতেও সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছিলেন। তাঁর প্রাপ্ত নম্বর ৮৮৪ এবং গণিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যানে ৪টি বিষয়ে লেটার পেয়েছেন।

পলি তাঁর এই ফলের জন্য পিতা এডভোকেট রুহুল আমিন, মাতা নূরুজাহান আমিন এবং কলেজের শিক্ষকদের কাছে উৎসাহ ও প্রেরণা পেয়েছেন বলে জানান। কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের ছাত্রী পলি ভবিষ্যতে তড়িৎ প্রকৌশলী হতে চান। তিনি জানান, আমি ফলাফলের জন্য ব্যাপক প্রস্তুতি নিয়েছি। তাঁর গৃহ শিক্ষক ছিল ৬ জন। নিয়মিত ৬ ঘন্টা লেখাপড়া করতেন। তবে টেস্ট পরীক্ষার পর দৈনিক ৯/১০ ঘন্টা লেখা পড়া করেছেন। ফল আরও ভাল হবে বলে তিনি আশা করেছিলেন।

পলি নকল প্রবণতার জন্য শিক্ষক, ছাত্র, অভিভাবক, প্রশাসন সকলকে দায়ী করেন। তিনি পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের কথা বলেন এবং এক্ষেত্রে এমসিকিউ পদ্ধতি চালু করার পক্ষপাতি। শাম্মী নাজ গান গেয়ে, গান শুনে ও বই পড়ে অবসর কাটাতে ভালো বাসেন। ছাত্র রাজনীতি উপলব্ধি করলেও তিনি রাজনীতি বুঝেন না বলে জানান।

তাঁদের স্থায়ী নিবাস লক্ষ্মীপুর জেলার সদর উপজেলায়।



মোহাম্মদ সেলিম

## মোহাম্মদ সেলিম মানবিকে তৃতীয়

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা : কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এ বছর মানবিক বিভাগে মোঃ সেলিম তৃতীয় স্থান অধিকার করেছেন। চট্টগ্রাম সরকারী কলেজের ছাত্র মোঃ সেলিম মোট নম্বর পেয়েছেন ৭২২। সেলিমের পিতা–জয়নাল আবেদীন। গ্রাম মুরাদনগর, জেলা কুমিল্লা।



আহমদ রায়হান শামসী

## রায়হান শামসী বাণিজ্য বিভাগে তৃতীয়

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা : আহমেদ রায়হান শামসী, কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাণিজ্য বিভাগের মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকার করেছেন।

চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের ছাত্র শামসী মোট ৬৮৬ নম্বর পেয়েছেন। তিনি শর্টহ্যান্ড ও টাইপ বিষয়ে লেটার পেয়েছেন। তার পিতার নাম আ ফ ম শামসুদ্দোহা। তাদের বাড়ি সিরাজগঞ্জ জেলার চিনা ধুবুড়িয়া